

💵 প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায) রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

১৯৩. জানাযার জামা'আতের জন্য কতজন লোক হওয়া দরকার?

কমপক্ষে ৩ জন। সাহাবী উমাইর বিন আবু তালহা মারা গেলে তার জানাযায় রাসূলুল্লাহ (সা.) সামনে দাঁড়ালেন, তাঁর পিছনের কাতারে দাঁড়ালেন আবু তালহা (একা) এবং এর পিছনে দাঁড়ালেন (একজন নারী) উদ্মে সুলাইম। সেদিন জানাযায় এ কয়েকজন ছাড়া আর কোন মুসল্লি ছিল না। (হাকেম-১/৩৬৫) তবে লোক সংখ্যা যত বেশি হবে মৃত ব্যক্তির জন্য ততই ভালো। কারো জানাযায় ১০০ জন লোক হলে এ একশ জনের সুপারিশ অর্থাৎ মাইয়্যেতের জন্য তাদের ক্ষমা চাওয়া আল্লাহ কবুল করে নেন। (মুসলিম: ৯৪৭, ১৫৭৬, ইবনে মাজাহ: ১২০৯)। অথবা কারো জানাযায় যদি এমন ৪০ জন লোক হয় যারা শির্ক করেনি তাহলে তাদের সুপারিশেও আল্লাহ মাইয়্যেতকে মাফ করে দেন। (মুসলিম: ৯৪৮) [জানাযায় যে দুআ পড়া হয় সেটাই হলো মাইয়্যেতের জন্য সুপারিশ]

𝚱 Source — https://www.hadithbd.com/books/link/?id=13378

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন